

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নং ৫১.০১.০০০০.০১১.১৮.১২৪.১৯-১৮৭

তারিখ: ৩ বৈশাখ' ১৪২৬ বঙ্গাব্দ
১৬ এপ্রিল' ২০১৯ খ্রিস্টাব্দ

প্রেরকঃ উপ-পরিচালক (কাবিখা-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ জেলা প্রশাসক, বিনাইদহ।

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকূলে নন-সোলার খাতে খাদ্যশস্য (গম) বরাদ্দ প্রদান প্রসংগে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৫/০১/২০১৯ খ্রি: তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৮-১১১ নং মঞ্জুরী আদেশের আলোকে চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেটে কোড নং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির খাত হতে নিম্নবর্ণিতভাবে ও শর্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় নন-সোলার খাতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকূলে ২য় পর্যায়ে ৫১.০০০ (একান্ন) মেঃটন খাদ্যশস্য (গম) নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করছি। জেলা প্রশাসক, সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যের অভিপ্রায় অনুযায়ী উক্ত অর্থ উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করবেন এবং নিম্নবর্ণিত শর্ত ও নির্দেশনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করবেন।

২। এই ব্যয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ হতে নির্বাহ করার জন্য অনুরোধ করা হলো।


সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যের নাম ও আসন নম্বর	জেলার নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ (গম)
মোছা: খালেদা খানম মাননীয় সংসদ সদস্য ৩২৭, মহিলা আসন-২৭	বিনাইদহ	বিনাইদহ সদর	৩০.০০০ মেঃটন (গম)
		হরিনাকুন্ডু	২১.০০০ মেঃটন (গম)
মোট=			৫১.০০০ (একান্ন)মেঃটন (গম)

শর্তসমূহঃ-

- (১) এ মন্ত্রণালয়ের ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা কাবিখা কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে সত্তর জেলা কর্তৃক কমিটির নিকট প্রেরণ করতে হবে;
- (২) এ মন্ত্রণালয়ের ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প কাজ আগামী ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- (৩) এ কর্মসূচির খাদ্যশস্য (গম) ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও কাবিখা নির্দেশিকা-২০১৪ এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই কাবিখা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৫) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, কর্মসূচির জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।
- (৬) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পূর্ণ না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।
- (৭) প্রকল্প সূত্রে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।
- (৮) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষংগিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/ঢাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- (৯) নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পাশে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে আলগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।

চলমান পাতা-২

- (১০) কোনো প্রকল্প ভূমি হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনা।
- (১১) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে আপনার প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;
- (১২) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।


(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)
উপ-পরিচালক(কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩।

স্মারক নং ৫১.০১.০০০০.০১১.১৮.১২৪.১৯-১৮৭


তারিখ: ৩ বৈশাখ' ১৪২৬ বঙ্গাব্দ
১৬ এপ্রিল' ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জনাব মোছা: খালেদা খানম, মাননীয় সংসদ সদস্য ৩২৭, মহিলা আসন-২৭।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ৩। পরিচালক(মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ -----জেলাঃ ঝিনাইদহ।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝিনাইদহ।
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (বরাদ্দপত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঝিনাইদহ।
- ৮। উপজেলা খাদ্য কর্মকর্তা, উপজেলাঃ -----জেলাঃ ঝিনাইদহ।
- ৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলাঃ -----জেলাঃ ঝিনাইদহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় প্রতি মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)
উপ-পরিচালক(কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩।